



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৮৪৮

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৭

০৯ আগস্ট ২০২০

বিষয়: ঠাকুরগাঁও জেলায় সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে ৫৬০০ মে.টন গম'২০ এবং কুড়িগ্রাম জেলার সদর এলএসডিতে বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য ৪৫০ মে.টন আমদানিকৃত গম ডিআরটিসির মাধ্যমে সড়ক পথে চলাচল সূচি জারির অনুমোদন প্রদান।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর এর ১৩/০৭/২০২০ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.২৬২.৫০.০০২.২০-২৪ নং স্মারক এবং ০৬/০৮/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২৬২.৫০.০০১.২০.৭৪ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও জেলার চলমান সংগ্রহ/২০২০ মৌসুমে নির্ধারিত সময়সীমার মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে পর্যাপ্ত খালি জায়গা সৃষ্টির জন্য সদর সংগৃহীত গম'২০২০ চলাচল সূচির মাধ্যমে জেলার বাহিরে স্থানান্তর এবং কুড়িগ্রাম জেলায় আগস্ট ও সেপ্টেম্বর মাসে ইপি/ওপি এবং ওএমএস খাতে বিতরণের জন্য ৪৫০ মে.টন গম প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে। এমতাবস্থায়, ঠাকুরগাঁও জেলায় চলমান সংগ্রহ/২০২০ মৌসুমে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে ৫৬০০ মে.টন গম'২০ এবং সান্তাহার সাইলোতে মজুতকৃত পুরাতন গম নিষ্পত্তির স্বার্থে ও কুড়িগ্রাম জেলার সদর এলএসডিতে বিভিন্ন খাতে বিতরণের জন্য সান্তাহার সাইলো হতে ৪৫০ মে.টন আমদানিকৃত গম ওয়ারেন্টি অনুযায়ী ডিআরটিসির মাধ্যমে সূচি জারির অনুমোদন নিম্নোক্তভাবে নির্দেশক্রমে প্রদান করা হলো।

#### সারণি-১ : রংপুর/রাজশাহী বিভাগ হতে গম চলাচল সূচির অনুমোদন

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	ঠাকুরগাঁও	রাণীশংকৈল এলএসডি	বগুড়া	সান্তাহার সাইলো	১০০০	সংগৃহীত গম'২০২০	সড়ক	আখানি, রংপুর উপসূচি জারি করবেন।
২.	ঐ	নেকমরদ এলএসডি	ঐ	ঐ	৫০০	ঐ	ঐ	
৩.	ঐ	হরিপুর এলএসডি	ঐ	ঐ	৫০০	ঐ	ঐ	
৪.	ঐ	যাদুরানী এলএসডি	ঐ	ঐ	৪০০	ঐ	ঐ	
৫.	ঐ	বালিয়াডাঙ্গী এলএসডি	ঐ	ঐ	১৬০০	ঐ	ঐ	
৬.	ঐ	লাহিড়ীহাট এলএসডি	ঐ	ঐ	১৬০০	ঐ	ঐ	
৭.	বগুড়া	সান্তাহার সাইলো	কুড়িগ্রাম	কুড়িগ্রাম এলএসডি	৪৫০	আমদানিকৃত গম'২০২০	ঐ	আখানি, রাজশাহী সান্তাহার সাইলো হতে ওয়ারেন্টি অনুযায়ী গমের উপ-সূচি জারি করবেন।
				মোট =	৬০৫০			

#### অনুসরণীয় নির্দেশনা:

(১) পূর্বানুমোদনের আওতায় গমের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;

(২) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৩) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য গমের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেম্পিলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

(৪) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

৯-৮-২০২০

মোঃ ফজলে রাব্বী হায়দার  
উপ-পরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর
- ৩) সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৮৪৮/১(৮)

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৭  
০৯ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও, রংপুর।
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুড়িগ্রাম।

৯-৮-২০২০

মোঃ ফজলে রাব্বী হায়দার  
উপ-পরিচালক